

**P.G. Semester-IV Examination, 2023****বাংলা**

Course ID : 40154

Course Code : BNG/404/C

Course Title : রবীন্দ্রনাটক ও ভ্রমণ সাহিত্য

বিশেষ পত্র : রবীন্দ্র-সাহিত্য

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ১ = ১০$
- ক) 'বিশ্ব তাঁর আনন্দরূপ, কিন্তু আমরা রূপকে দেখছি, আনন্দকে দেখিনি, সেইজন্য রূপ কেবল পদে পদে আমাদের আঘাত করছে।'— এই উক্তির আলোকে 'রাজা' নাটকটির মূল ভাববস্তু সংক্ষেপে বিশ্লেষণ করো।
- খ) রবীন্দ্রনাথের 'রাজা' নাটকটির গঠনকৌশল সংক্ষেপে আলোচনা করো।
- ২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ১ = ১০$
- ক) একদিকে যান্ত্রিকতা অন্যদিকে হিংসাত্মক জাতীয়তা— এই দু'য়ের বিরুদ্ধে প্রতিবাদ কীভাবে 'মুক্তধারা' নাটকে ধরা পড়েছে, তা বিশ্লেষণ করে দেখাও।
- খ) 'যুরোপ যাত্রীর ডায়ারি' গ্রন্থ অবলম্বনে যুরোপের সমাজ প্রসঙ্গে রবীন্দ্রভাবনা বিশ্লেষণ করো।

(পরের পাতায়)

- ৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ১ = ১০$
- ক) 'মালিনী' নাটকটিতে মালিনী চরিত্রে যে প্রেমের দ্বিধা-দ্বন্দ্ব ফুটে উঠেছে তার স্বরূপ বিশ্লেষণ করো।
- খ) 'মালিনী' নাটকটিকে রোমান্টিক ট্রাজেডি বলা সঙ্গত কিনা— এ প্রসঙ্গে তোমার অভিমত লেখো।
- ৪। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$
- ক) 'রাজা' নাটকে সংগীত প্রয়োগের উপযোগিতা সংক্ষেপে লেখো।
- খ) 'মালিনী' নাটকে ধর্ম সম্পর্কে রবীন্দ্রনাথের ভাবনা অতি সংক্ষেপে আলোচনা করো।
- গ) 'মুক্তধারা' নাটকের ধনঞ্জয় বৈরাগী চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।
- ঘ) 'সর্বজাতীয় ভোজ কেবল সাহিত্য ক্ষেত্রেই সম্ভব।'— প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটি বিশ্লেষণ করো।